**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 08-04-2026** **Time : - 1-30**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১) রিজার্ভ ব্যাঙ্ক RBI, ঋণের ওপর সুদের হার পাঁচ দশমিক দুই/পাঁচ শতাংশেই অপরিবর্তিত রেখেছে।

২) পি এম মুদ্রা যোজনার ১১ বছর পূর্তিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, এই প্রকল্প যুবাদের আত্মনির্ভরতার ক্ষেত্রে অত্যন্ত সহায়ক হয়ে উঠেছে।

৩) কেরলম, অসম ও কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরিতে আগামীকাল বিধানসভায় নির্বাচন। শেষ মুহূর্তের প্রস্তুতি তুঙ্গে। প্রধানমন্ত্রী আগামীকাল নির্বাচনী প্রচারে পশ্চিমবঙ্গ আসছেন।

৪) রাষ্ট্রসঙ্ঘের মহাসচিব অ্যান্তোনিও গুতারেস, মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরাণের মধ্যে দু'সপ্তাহের সংঘর্ষবিরতির সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন।

৫) আই পি এল ক্রিকেটে আজ দিল্লী ক্যাপিটালস, গুজরাত টাইটান্সের বিরুদ্ধে খেলবে।

*****************************************************************************

রিজার্ভ ব্যাঙ্ক RBI, ঋণের ওপর সুদের হার পাঁচ দশমিক দুই/পাঁচ শতাংশেই অপরিবর্তিত রেখেছে। RBI-এর গভর্নর সঞ্জয় মালহোত্রা আজ ২০২৬/২৭ আর্থিক বছরের প্রথম দ্বিমাসিক মুদ্রানীতি ঘোষণা করে একথা জানান। তিনি বলেন, মুদ্রানীতি সংক্রান্ত কমিটি, সর্বসম্মতভাবে **রেপো রেট** অর্থাৎ যে হারে RBI অন্য ব্যাঙ্কগুলিকে ঋণ দেয়, তা' পাঁচ দশমিক দুই/পাঁচ শতাংশেই থাকবে বলে সিদ্ধান্ত নিয়েছে। এছাড়া, স্ট্যান্ডিং ডিপোসিট ফেসিলিটি রেট'ও পাঁচ শতাংশ থাকছে, অন্যদিকে মার্জিনাল স্ট্যান্ডিং ফেসিলিটি রেট ও ব্যাঙ্কের সুদের হার সাড়ে পাঁচ শতাংশ রাখা হয়েছে।

RBI-এর গভর্নর জানান, মুদ্রানীতি কমিটি, গত আর্থিক বছরের GDP-র বিকাশ হার সাত দশমিক ছয় শতাংশ থাকবে বলে পূর্বাভাস দিয়েছিল। চলতি আর্থিক বছরে তা' ছয় দশমিক নয় শতাংশ থাকার পূর্বাভাস রয়েছে।

( বাইট- RBI সঞ্জয় )

বর্তমান আর্থিক বছরে উপভোক্তা মূল্যসূচক ভিত্তিক মুদ্রাস্ফীতি বা CPI, চার দশমিক ছয় শতাংশে থাকবে বলেও RBI আভাস দিয়েছে। শ্রী মালহোত্রা বলেন, পশ্চিম এশিয়া সংঘাতের প্রেক্ষিতে জ্বালানির দাম বাড়া এবং সম্ভাব্য 'এল নিনো' পরিস্থিতি, মুদ্রাস্ফীতি বৃদ্ধির ঝুঁকি আর তা' বাড়িয়ে দিয়েছে। পশ্চিম এশিয়ার সংঘাতের প্রেক্ষিতে আন্তর্জাতিক পরিস্থিতির দিকে RBI নজর রাখছে। মুদ্রানীতি কমিটি সেদিকটি বিবেচনা করেই রেপো রেট অপরিবর্তিত রাখার পক্ষে মত প্রকাশ করেছে। রপ্তানী ও সরবরাহ শৃঙ্খল সুরক্ষিত রাখতে সরকার একাধিক পদক্ষেপ নিচ্ছে বলেও তিনি জানান।

**************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পি এম মূদ্রা যোজনা যুবাদের আত্মনির্ভরতার ক্ষেত্রে অত্যন্ত সহায়ক হিসেবে প্রমাণিত হয়েছে। ২০১৫ সালে চালু হওয়া এই প্রকল্প আজ ১১ বছর পূর্ণ করেছে। সামাজিক মাধ্যমের এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন, এই প্রকল্পের সাফল্য প্রমাণ করে দিয়েছে, সঠিক সুযোগ, কাউকে আত্মনির্ভর বানিয়ে দেশের বিকাশে অংশ নেওয়ার জন্য সক্ষম করে তোলে। পি এম মূদ্রা যোজনা, লক্ষ লক্ষ মানুষের স্বপ্ন পূরণে ঋণপ্রদানের সংজ্ঞাকে নতুন ভাবে পরিবেশন করেছে। জনগনের আশা আকাঙ্খাকে বিশ্বাস করায় এবং ঋণ সংক্রান্ত নানা সমস্যার সমাধান হওয়ায় সারা দেশে নিজস্ব উদ্যোগ বা ব্যবসা শুরু করার মানসিকতা আরো দৃঢ় হয়েছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

দিনটি উপলক্ষ্যে অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেন, এই প্রকল্প, এম এস এম ই এবং অসংখ্য উদ্যোগপতির কাছে ঋণ ব্যবস্থাকে নতুন করে সাজিয়ে তুলেছে। গত এক দশকে ভারত এক নীরব রূপান্তরের সাক্ষো হয়েছে যেখানে কোটি কোটি সাধারণ মানুষ নতুন আত্মবিশ্বাসে ভর করে নিজের ব্যবসা শুরু করেছেন। ২০৪৭ এ বিকশিত ভারতের লক্ষ্যে পি এম মূদ্রা যোজনা ক্ষমতায়নের কাজ চালিয়ে যাবে বলে প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

**************************************************************************

উল্লেখ্য, প্রধানমন্ত্রী মূদ্রা যোজনা আজ ১১ বছর পূর্ণ করছে। মূলধনহীন ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ীদের নিজেদের কাজে বন্ধক ছাড়াই অর্থ যোগানোর লক্ষ্যে এই ফ্ল্যাগশিপ কর্মসূচী চালু করা হয়েছিল। ঋণগ্রহনের নানা সমস্যা দূর করে এবং নিয়ম নীতির সরলীকরণের ফলে এই প্রকল্প, তৃণমূল স্তরে ব্যবসায়িক ক্ষেত্রে এক নতুন যুগের সূচনা করেছে। গত ১১ বছরে প্রধানমন্ত্রী মূদ্রা যোজনা অন্তর্ভুক্তিমূলক অর্থনীতিকে নতুনভাবে ব্যখ্যা করেছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, পি এম মূদ্রা যোজনা ক্ষুদ্র ব্যবসায়ী, স্টার্টআপ এবং এম এস এম ই ক্ষেত্রকে কোনোকিছু বন্ধক ছাড়া ঋণগ্রহণের সুযোগ তৈরী করে দিয়েছে। সামাজিক মাধ্যমের পোষ্টে শ্রী শাহ বলেছেন, গত ১১ বছরে ৪০ লক্ষ কোটি টাকার ৫৮ কোটি বেশী ঋণ মঞ্জুর করা হয়েছে। প্রায় ১২ কোটি যুবা এই প্রকল্পের মাধ্যমের উপকৃত হয়েছেন এবং আত্মনির্ভর ভারত গঠনে নিজেদের অবদান জুগুয়ে যাচ্ছেন। তিনি জানান, মূদ্রা যোজনা প্রকল্পের মোট উপভোক্তার দুই তৃতীয়াংশ মহিলা। এই পরিসংখ্যান, মহিলাদের ক্ষমতায়ন ও আত্মনির্ভরতাকেই সূচিত করে বলেও শ্রী শাহ উল্লেখ করেন।

*************************************************************************

কেরলম, অসম ও কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরিতে আগামীকাল বিধানসভায় নির্বাচন। গতকাল সন্ধ্যায় এই তিন রাজ্যে ভোটের প্রচার শেষ হয়েছে। ভোট গ্রহণের শেষ মুহূর্তের প্রস্তুতি প্রায় শেষ বলে জানিয়েছে নির্বাচন কমিশন। অসমে ১২৬ টি বিধানসভা কেন্দ্রে ভোট গ্রহণ হবে। ভোটারের সংখ্যা আড়াই কোটি। ভোট গ্রহণ কেন্দ্রে সরাসরি ওয়েবকাস্টিং নজরদারি থাকবে বলে জানিয়েছে অসমের মুখ্য নির্বাচনী অফিসার অনুরাগ গোয়েল। ভোটদাতাদের সুবিধার্থে কেন্দ্রগুলোতে মোবাইল ফোন জমা রাখা, বিশ্রাম কক্ষের ব্যবস্থার দিকে খেয়াল রেখেছে নির্বাচন কমিশন।

অন্যদিকে কেরলমে সমস্ত ভোট গ্রহণ কেন্দ্রে কঠোর ভাবে গ্রিন প্রোটকল মেনে চলার নির্দেশ দিয়েছে কর্তৃপক্ষ। একবার ব্যবহার যোগ্য প্লাস্টিক, থার্মোকল সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। এদিকে পুদুচেরিতেও কড়া নিরাপত্তায় ইলেক্ট্রনিক ভোটিং মেশিন বুথগুলোকে পাঠানোর কাজ চলছে। ৩ হাজার পুলিশ কর্মী, ৪৫ কোম্পানি কেন্দ্রীয় সশস্ত্র বাহিনী ও কর্ণাটকের একটি স্পেশাল ইউনিট নিরাপত্তা সংক্রান্ত ব্যবস্থার দায়িত্বে রয়েছে।

*************************************************************************

রাজ্যে বিধানসভা নির্বাচন এগিয়ে আসার সঙ্গেই জমে উঠেছে প্রচারাভিযান।

বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নির্বাচনী প্রচারে আগামীকাল রাজ্যে আসছেন। পূর্ব মেদিনীপুরের হলদিয়ায, পশ্চিম বর্ধমনের আসানসোল এবং বীরভূমের সিউরিতে দলীয় প্রার্থীর সমর্থনে তিনটি জনসভা করবেন তিনি।

কলকাতার ভবানীপুর কেন্দ্র থেকে মনোনয়ন জমা দিলেন তৃণমূল কংগ্রেস প্রার্থী মমতা ব্যানার্জি। আজ সকাল সাড়ে দশটা নাগাদ বাড়ি থেকে বেরিয়ে কর্মী সমর্থকদের নিয়ে হেঁটে মিছিল করে আলিপুরে গিয়ে মনোনয়ন জমা দেন তিনি। প্রার্থীপদ জমা দিয়ে মমতা ফের একবার ভোটার তালিকা থেকে নাম বাদ পড়া নিয়ে এদিন দিন ফের উদ্বেগ প্রকাশ করেন।

*************************************************************************

পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের জন্য বিজেপি কলকাতা বন্দর কেন্দ্রের প্রার্থীর নাম ঘোষণা করেছে। সদ্য প্রকাশিত ষষ্ঠ তালিকা অনুসারে রাকেশ সিং, কলকাতা বন্দর থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচন দুই দফায় অনুষ্ঠিত হবে। নির্বাচনের প্রথম দফা ২৩শে এপ্রিল এবং দ্বিতীয় দফা ২৯শে এপ্রিল অনুষ্ঠিত হবে।

*************************************************************************

পশ্চিমবঙ্গে অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ এবং হিংসা ও ভয়মুক্ত নির্বাচন সুনিশ্চিত করার আশ্বাস দিয়েছে নির্বাচন কমিশন। তৃণমূল কংগ্রেসের এক প্রতিনিধি দল আজ নতুন দিল্লিতে কমিশনের সঙ্গে দেখা করে। তারপরেই সামাজিক মাধ্যমে নির্বাচন কমিশনের পক্ষ থেকে একথা জানানো হয়। বুথ জ্যাম বা রিগিং-এর মতো কোনোরকম  ঘটনাও এবারের নির্বাচনে হবে না বলেও কমিশন স্পষ্ট জানিয়েছে।

*************************************************************************

সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়-এর প্রয়াণ বার্ষিকীতে আজ নানা অনুষ্ঠানে তাঁর স্মৃতি তর্পণ করা হচ্ছে। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা, সমাজ মাধ্যমের এক বার্তায় বঙ্কিমচন্দ্র–এর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। জাতীয় স্তোত্র 'বন্দে মাতরম্'-এর উল্লেখ করে অধ্যক্ষ বলেন, এটি শুধু মাত্র সঙ্গীত নয়, ভারত মাতার বন্দনার মন্ত্র। এই মন্ত্র গোটা দেশকে একসূত্রে আবদ্ধ করে স্বাধীনতা আন্দোলনে লড়াই করার শক্তি জুগিয়েছিল। ওম বিড়লা, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কে মহান দেশপ্রেমিক, জাতীয়তাবাদী চিন্তাবিদ এবং একজন কালজয়ী সাহিত্যিক হিসেবেও বর্ণনা করেন। তিনি বলেন, তাঁর 'আনন্দমঠ' উপন্যাসে, মাতৃভূমির প্রতি কর্তব্য ও আত্মত্যাগের যে দৃষ্টান্ত তুলে ধরা হয়েছে, তা' চিরকাল মানুষের মনে ভাস্বর হয়ে থাকবে।

*************************************************************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয়- **'দৈনন্দিন জীবনে আবহাওয়া এবং জলবায়ু পরিবর্তন'।** আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাসের সঙ্গে কথা বলেছেন আমাদের প্রতিনিধি কাশফিন নাহার। **আজ শুনবেন প্রথম** পর্ব।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*************************************************************************

রাষ্ট্রসঙ্ঘের মহাসচিব অ্যান্তোনিও গুতারেস, মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরাণের মধ্যে দু সপ্তাহের সংঘর্ষবিরতির সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। পশ্চিম এশিয়ায় চলতি সংঘাতে জড়িত সব পক্ষকে আন্তর্জাতিক নিয়ম মেনে চলার আহ্বান জানান তিনি। এক বিবৃতিতে তিনি বলেন, সাধারণ মানুষের জীবন রক্ষায় অবিলম্বে সংঘাতের নিরসন হওয়া জরুরী।

উল্লেখ্য, হরমুজ প্রণালী খুলে দেওয়ায় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, দু সপ্তাহের সংঘর্ষ বিরতি ঘোষনার পরই গুতারেসের এই বিবৃতি।

আগেই জানানো হয়েছে, হরমুজ প্রণালী খুলে দেওয়ার সিদ্ধান্ত নেওয়ায় মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে দু সপ্তাহের যুদ্ধ বিরতিতে সম্মতি হয়েছেন মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প। সমাজ মাধ্যমের একটি বার্তায় ট্রাম্প

বলেন, আমেরিকা ইতিমধ্যেই তাঁদের সামরিক লক্ষ্যে পৌঁছেছে। দু দেশের মধ্যে সংঘর্ষ শেষ হওয়ার দিকেই এগোচ্ছে।

অন্যদিকে ইরানের বিদেশ মন্ত্রী আব্বাস আরাগাচি ঘোষণা  দু সপ্তাহের জন্য হরমুজ প্রণালী খুলে দেওয়ার কথা ঘোষণা করেছেন। ইরানের জাতীয় নিরাপত্তা পরিষদ দাবি করেছে, আমেরিকা তেহরানের ১০ দফা পরিকল্পনায় সায় দিয়েছে।

*************************************************************************

দু সপ্তাহের সংঘর্ষ বিরতি ঘোষনার পর মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বলেছেন, বিশ্ব শান্তির ক্ষেত্রে এটি এক উল্লেখযোগ্য দিন। গত কয়েকসপ্তাহ ধরে উত্তেজনার পর তেহেরান পুনর্গঠনের দিকে অগ্রসর হয়েছে। এক বিবৃতিতে ট্রাম্প ঘোষনা করেছেন, ইরাণের সঙ্গে ১০ দফা যুদ্ধ বিরতি নিয়ে আলোচনায় চলচ্ছে। প্রধান সমস্যাগুলি মেটাতে প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

*************************************************************************

বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর আজ নতুন দিল্লিতে বাংলাদেশের বিদেশ মন্ত্রী খলিলুর রহমানের সঙ্গে বৈঠক করবেন। তিন দিনের ভারত সফরে গতকাল সন্ধ্যায় খলিলুর রহমান নতুন দিল্লিতে পৌঁছেছেন। তিনি সফরকালে জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল, কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রী পীযূষ গোয়েল অ কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরির সঙ্গেও সাক্ষাৎ করবেন। ফেব্রুয়ারিতে বিএনপি নেতৃত্বাধীন সরকার ক্ষমতায় আসার পর এই প্রথম কোনও বাংলাদেশের মন্ত্রী ভারত সফরে এলেন।

ভারতের বিদেশ মন্ত্রকের  মুখপাত্র রন্ধীর জয়সওয়াল গতকাল তাঁকে স্বাগত জানিয়ে সামাজিক মাধ্যমের এক পোস্টে বলেন ভারত ও বাংলাদেশের পারস্পরিক উষ্ণ ও ঐতিহাসিক সম্পর্কের কারণ —দুই দেশের জনগনের মধ্যের দৃঢ় বন্ধন । তিনি আরও বলেন , এই সফর দুই দেশের অংশীদারিত্ব আরও শক্তিশালী করবে।

*************************************************************************

জম্মু ও কাশ্মীরে সন্ত্রাসবাদ-বিরোধী অভিযানের প্রস্তুতি বাড়ানোর লক্ষ্যে সেনাবাহিনীর জম্মু-ভিত্তিক টাইগার ডিভিশন জম্মু ও কাশ্মীর পুলিশের কর্মীদের জন্য ১২ দিনব্যাপী একটি সন্ত্রাসবাদ-বিরোধী রিফ্রেশার কোর্স শুরু করেছে। জম্মু ও কাশ্মীরের সশস্ত্র বিভাগের অতিরিক্ত মহানির্দেশক আনন্দ জৈন টাইগার ডিভিশনের জেনারেল অফিসার কমান্ডিং, সেনাবাহিনী ও জম্মু ও কাশ্মীর পুলিশের উর্ধ্বতন আধিকারিকদের সঙ্গে এই কোর্সটির উদ্বোধন করেন।

উল্লেখ্য উপত্যকায় নিরাপত্তা বাহিনীগুলোর মধ্যে সমন্বয়, আন্তঃকার্যক্ষমতা এবং কৌশলগত প্রস্তুতি উন্নত করার পাশপাশি জম্মু ও কাশ্মীরের ক্রমবর্ধমান নিরাপত্তার চ্যালেঞ্জ মোকাবিলার জন্য এই অনন্য উদ্যোগটি গ্রহণ করা হয়েছে।

*************************************************************************

পাঞ্জাবের কাপুরথালায় গত সন্ধ্যায় পাক মদতপুষ্ট এক মাদক চোরাচালান চক্র ভেঙে দিয়েছে পাঞ্জাব পুলিশ। নির্দিষ্ট তথ্যের ভিত্তিতে একটি গাড়ির পিছনে ধাওয়া করে ১৬ কেজির বেশি হেরোইন সহ পাঁচ সদস্যকে সদস্যকে গ্রেপ্তার করে তারা। পুলিশ সূত্রের খবর, অমৃতসর সীমান্ত এলাকা থেকে আনা ওই হেরোইন চণ্ডীগড়ে পৌঁছে দেওয়ার কথা ছিল। প্রাথমিক তদন্তে জানা গেছে যে পাকিস্তান ও দুবাইএর মাদক হ্যান্ডলারদের নির্দেশে এই চক্রটি পরিচালিত হচ্ছিল।

*************************************************************************

ভারতীয় মহিলা হকি দলের আসন্ন আর্জেন্টিনা সফরের জন্য অধিনায়ক সালিমা টেটের নেতৃত্বে ২৪ সদস্যের দল ঘোষণা করল হকি ইন্ডিয়া। এফ আই এইচ হকি বিশ্বকাপ ২০২৬ এবং এশিয়ান গেমসের মতো আসন্ন বড় টুর্নামেন্টগুলোর প্রস্তুতির অংশ হিসেবেই এই সফর। চলতি মাসের ১৩ থেকে ১৭ পর্যন্ত বুয়েনস আইরেসে শক্তিশালী আর্জেন্টাইন দলের বিপক্ষে ভারতীয় সময় সন্ধ্যা ৭:৩০ মিনিটে খেলাগুলি শুরু হবে।

*************************************************************************

নতুন দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে আজ IPL-এর ১৪-তম খেলায় দিল্লি ক্যাপিটালস গুজরাট টাইটান্সের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে ৭ টায়।

অন্যদিকে গতকাল গুয়াহাটির বর্ষাপাড়া স্টেডিয়ামে রাজস্থান রয়ালস মুম্বই ইন্ডিয়ানসকে ২৭ রানে পরাজিত করেছে। মুম্বই ইন্ডিয়ান্স টসে জিতে প্রথমে বল করার সিদ্ধান্ত নেয়। বৃষ্টির কারণে খেলাটি ২০ ওভারের পরিবর্তে ১১ ওভারে করা হয়। প্রথমে ব্যাট করে মুম্বই ইন্ডিয়ান্স ১১ ওভারে ৩ উইকেট হারিয়ে ১৫০ রান করে। যশস্বী জয়সওয়াল ৩২ বলে ৭৭ রান এবং বৈভব সূর্যবংশী ১৪ বলে ৩৯ রান করেন। ১৫১ রানের লক্ষ্যমাত্রা তাড়া করতে নেমে রাজস্থান রয়ালস ১১ ওভারে ৯ উইকেট হারিয়ে ১২৩ রান করে। রাজস্থান রয়ালসের পক্ষে সন্দীপ শর্মা, রবি বিষ্ণোই এবং নন্দ্রে বার্গার প্রত্যেকে দুটি করে উইকেট নেন। যশস্বী জয়সওয়াল ম্যাচের সেরা খেলোয়াড় নির্বাচিত হন।

*************************************************************************